দৈনিক বাংলা

তারিখ 15 NOV 1991
পৃষ্ঠা 8 কলাম 8

### ভার্সিটি প্রভোস্ট কমিটির দাবী

# হলে হলে অস্ত্রধারীদের আনাগোনা বন্ধ করুন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোস্ট কমিটি বিশ্ববিদ্যালয়ের হলে হলে বহিরাগত ও অস্ত্রধারীদের আনাগোনা বন্ধে যথাযথ ব্যবস্থাগ্রহণেরদাবীজানিয়েছে।

গতকাল প্রভোস্টদের এক সভায় এ দাবী জানিয়ে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে অবস্থানকারী ছাত্রদের মধ্যে নিরাপত্তাবোধ এখনো পুরোপুরি ফিরে আসেনি। হলে হলে বহিরাগতদের আনাগোনা আবার শুরু হয়েছে। হলে বহিরাগতদের যাতায়াত অব্যাহত থাকলে ছাত্র-ছাত্রীদের মধ্যে নিরাপত্তাবোধ ফিরে আসবে না।

ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞা এই সভায় সভাপতিত্ব করেন। সভায় ছাত্র সংগঠনগুলির নেতৃবৃন্দের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের মধ্যে আস্থার ভাব ফিরিয়ে আনার প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য ভাইস চ্যান্সেলরের প্রতি অনুরোধ জানানো হয়।